

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৫. কারোর নিকট মেহমান হলে তার অনুমতি ছাড়াই নিজেই কোন নামাযের ইমামতি করা:

আবু আত্বিয়্যাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: মালিক বিন্ 'হুওয়াইরিস্ (রা.) প্রায়ই আমাদের মসজিদে আসতেন। একদা তাঁরই উপস্থিতিতে নামাযের ইক্বামাত দেয়া হলে আমি তাঁকে বললাম: সামনে বাড়ুন। নামায পড়িয়ে দিন। তিনি আমাকে বললেনঃ তোমাদের কাউকে নামায পড়াতে বলো। অতঃপর আমি নামায না পড়ানোর কারণ একটু পরেই বলছি। আমি রাসূল (সা.) কে বলতে শুনেছি তিনি বলেন:

"কেউ কারোর নিকট মেহমান হলে সে যেন তাদের ইমামতি না করে। বরং তাদের কেউই যেন তাদের ইমামতি করে"।[1]

আবু মাস্'উদ্ বদরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

"তুমি কারোর ঘরে কিংবা তার অধীনস্থ জায়গায় তার অনুমতি ছাড়া কোন নামাযের ইমামতি করবে না। তেমনিভাবে তুমি কারোর ঘরে তার সম্মানজনক সুনির্দিষ্ট বসার জায়গায় তার অনুমতি ছাড়া বসবে না"।[2]

## ফুটনোট

- [1] (আবু দাউদ, হাদীস ৫৯৬)
- [2] (মুসলিম, হাদীস ৬৭৩ আবু দাউদ, হাদীস ৫৮২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11285

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন